# অনুমিতি ও অনুমানের লক্ষণ

Course : GE-1

1st Semester

Pranab Kirtunia

Assistant Professor

Department of Philosophy

Bejoy Narayan Mahavidyalaya

West Bengal

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

এই ক্লাসে অনুমানের অবয়ব নিয়ে আলোচনা অনুমিতির লক্ষণ, অনুমানের লক্ষণ নিয়ে আলোচনা করা হবে।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

ন্যায় দর্শন মতে অনুমান হলো দ্বিতীয় প্রমাণ । প্রথম প্রমাণ হলো প্রত্যক্ষ এবং দ্বিতীয় প্রমাণ হলো অনুমান। 'পরামর্শ জন্যং জ্ঞানং অনুমিতি' অর্থাৎ পরামর্শের জন্য যে জ্ঞান উৎপন্ন হয় তাই হলো অনুমিতি।'অনুমিতি করণং অনুমানম্' অর্থাৎ অনুমিতির করণ হল অনুমান।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

'অনুমান' শব্দটিকে বিশ্লেষণ করলে পাওয়া যায় 'অনু' ও 'মান'। 'অনু' শব্দের অর্থ হলো 'পশ্চাৎ' এবং 'মান' শব্দের অর্থ হলো 'জ্ঞান' অর্থাৎ 'অনুমান' শব্দের আক্ষরিক অর্থ হলো পশ্চাৎ জ্ঞান।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

অনুমান হলো একটি মানসিক প্রক্রিয়া যেখানে প্রত্যক্ষের কোন বিষয়ের জ্ঞানের উপর নির্ভর করে বা ভিত্তি করে অপ্রত্যক্ষিত বা অজ্ঞাত বিষয় সম্পর্কে জ্ঞান লাভ হয়। যেমন 'পর্বতে ধূম' প্রত্যক্ষ করে, 'পর্বতে বহ্নি আছে' এই জ্ঞান লাভ করা অনুমানের মাধ্যমেই সম্ভব।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

অনুমানের ক্ষেত্রে আমরা দেখি যে হেতু ও সাধ্যের মধ্যে সম্পর্ক বর্তমান। হেতুর দ্বারা আমরা সাধ্যকে অনুমান করি। হেতু ও সাধ্যের সম্পর্ক আমরা পূর্বেই জানতে পেরেছি বা আমাদের জ্ঞান আছে যে, হেতু ও সাধ্য পরস্পর সম্পর্কযুক্ত। তাই যেখানে যেখানে হেতু থাকে সেখানে সেখানে সাধ্য বর্তমান।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

যেমন - এখানে ধোয়া বা ধূম হল হেতু , অগ্নি বা বহ্নি হল সাধ্য। অর্থাৎ পর্বতে 'ধোয়া' দেখে আমরা 'পর্বত বহ্নিমান' অনুমান করি।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

অনুমানের ভিত্তি হলো লিঙ্গ বা হেতুর প্রত্যক্ষ জ্ঞান এবং হেতু ও সাধ্যের বা লিঙ্গীর নিয়ত সহচর্য সম্বন্ধ জ্ঞান। এই দুটি শর্তকে একসাথে ব্যাপ্তিবিশিষ্ট পক্ষধর্মতা জ্ঞান বা পরামর্শ বলা হয়।

# অনুমিতি ও অনুমানের লক্ষণ

অনুমান হল প্রত্যক্ষে প্রাপ্ত জ্ঞাত বিষয়ের ওপর ভিত্তি করে অজ্ঞাত বিষয় সম্পর্কে জ্ঞান লাভ করার প্রক্রিয়া।

# অনুমানের অবয়ব

যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:

1) অনুমান শব্দের অর্থ কি?

2) অনুমানের লক্ষণ।

3) অনুমিতির লক্ষণ।

4) পরামর্শ কি?

Date: 11.09.2021

# গ্রন্থসমূহ

ন্যায় দর্শন  ফণিভূষণ তর্কবাগীশ –  পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ

ন্যায় বৈশেষিক দর্শন,  করুনা ভট্টাচার্য ।

ভারতীয় দর্শন,  নীরদবরণ চক্রবর্তী।

ভারতীয় দর্শন,  এন মুখার্জি, কলকাত,  বাণী প্রকাশন

ভারতীয় দর্শন,  সুতপা বসু,  কলকাতা,   শ্রীধর প্রকাশনী

ভারতীয় দর্শন, সমরেন্দ্র ভট্টাচার্য

THANK YOU